Bangladesh

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০৫.২১.১০৭৬

তরিখঃ ২৮ আষাঢ় ১৪৩০ / ১২ জুলাই ২০২৩

**বিষয় : জামালপুর জেলার মেলান্দহ উপজেলার মেলান্দহ পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে মেলান্দহ উপজেলাধীন কতিপয় পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্তকরণ।**

সূত্র : স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও নং ১৭১-আইন/২০২৩, তারিখ: ২৪ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ প্রজ্ঞাপন মূলে জামালপুর জেলার মেলান্দহ উপজেলার মেলান্দহ পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে মেলান্দহ উপজেলাধীন কতিপয় পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। প্রজ্ঞাপনটি ৩১ মে ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

২। এমতাবস্থায়, মেলান্দহ পৌরসভার বিদ্যমান এলাকা সম্প্রসারণের লক্ষ্যে প্রস্তাবিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করার অভিপ্রায় ব্যক্তকরণ সংক্রান্ত প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩ এর উপ-ধারা (৩) মোতাবেক বিজ্ঞপ্তি আকারে প্রকাশ, বিজ্ঞপ্তি জারির অনূর্ধ্ব এক মাসের মধ্যে প্রস্তাবের বিরুদ্ধে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আপত্তি থাকলে, তা জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিলের সুযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আপত্তিসমূহ (যদি থাকে), আপত্তিসমূহ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে নিষ্পত্তি করে স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১২।০৭।২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

জেলা প্রশাসক
জামালপুর

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, মেলান্দহ পৌরসভা, জামালপুর
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট


অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ৩১, ২০২৩**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১৭১-আইন/২০২৩।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জামালপুর জেলার মেলান্দহ পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে জামালপুর জেলার মেলান্দহ উপজেলার নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্দ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা :—

**তফসিল**

| ক্রমিক | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল নং | দাগ নং |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | ৫ নং নয়ানগর | মেঘারবাড়ী | ১৯ | ০১-১৩৪৩ পর্যন্ত (সম্পূর্ণ) |
| ২. | ৫ নং নয়ানগর | জালালপুর | ৫৮ | ৩০৯-৩১৯, ৩২৬-৩৪৪, ৩৫৫-৪২২, ৫৯০-৬৪৪, ৮০৮-৮২৫, ৮৭৯-৯২৮ পর্যন্ত (আংশিক) |
| ৩. | ৫ নং নয়ানগর | ছিন্ন্যা | ৬০ | ০১-৪৮, ৫০-৫২ পর্যন্ত (আংশিক) |
| ৪. | ৫ নং নয়ানগর | বুরুঙ্গা | ৫৯ | ০১-১৬৩, ২৮৫-৩৪০ পর্যন্ত (আংশিক) |
| ৫. | ৫ নং নয়ানগর | মালঞ্চ | ৮৩ | ০১-১৭ পর্যন্ত (আংশিক) |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬. | ৫ নং নয়ানগর | উদনাপাড়া (১ম খণ্ড) | ৭৩/১ | ০১-১০ পর্যন্ত (আংশিক) |
| ৭. | ৫ নং নয়ানগর | উদনাপাড়া (২য় খণ্ড) | ৭১ | ০১-২৭ পর্যন্ত (সম্পূর্ণ) |
| ৮. | ৫ নং নয়ানগর | হাট গোবিন্দপুর | ৭২ | ০১-০৯ পর্যন্ত (আংশিক) |
| ৯. | ৫ নং নয়ানগর | লক্ষ্মীপুর | ৭০ | ৩৩-৪১, ১১৩-১৪৩ পর্যন্ত (আংশিক) |
| ১০. | ০৬ নং আদ্রা | আরজি বাগদিয়া | ৬৯ | ৪৩-৪৫ পর্যন্ত (আংশিক) |
| ১১. | ০৬ নং আদ্রা | মেলান্দহ | ৫৬ | ৮৫৪-৮৬৫ পর্যন্ত (আংশিক) |
| ১২. | ০৬ নং আদ্রা | বাঘাডোবা | ৬১ | ৪৭০-৮৩৩, ১০৬৭-১২৩০, ২৫২৭-২৫৭৫ পর্যন্ত (আংশিক) |

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরিউক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্তকরণ সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপ উত্থাপিত আপত্তি ৩ (তিন) মাসের মধ্যে নিষ্পত্তি করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd